রাজশাহী ৫ আসনে জনপ্রিয়তার শীর্ষে শিল্পপতি আব্দুস সাত্তার

দুর্গাপুর প্রতিনিধি- রাজশাহী ৫ (পুঠিয়া-দুর্গাপুর) আসন বরাবরই সকল রাজনৈতিক দলের হ্যাভি ওয়েট প্রার্থীদের ছড়াছড়ি থাকে । তবে অধিকাংশ নির্বাচনে নতুন মুখের দেখা মেলে আসনটিতে। এবারে জনপ্রিয়তার শীর্ষ রয়েছেন শহীদ জিয়ার আদর্শে অনুপ্রাণিত বিশিষ্ট শিল্পপতি সমাজসেবক আলহাজ্ব আব্দুস সাত্তার। শীত নিবারণের লক্ষ্যে দ্বারে দ্বারে গিয়ে অসহায় মানুষদের মাঝে কম্বল বিতরণ ও বিএনপি ঘোষিত রাষ্ট্র মেরামতের 31 দফা সম্বলিত লিফলেট বিতরণ করে বাড়তি জনপ্রিয়তা অর্জন করছেন।

জানা যায়, অসাধারণ মেধাবী আলহাজ্ব মোহাম্মদ আব্দুস সাত্তার
১৯৯০ সালে রাজশাহী কলেজ থেকে বি.কম. (একাউন্টিং) ডিগ্রী অর্জন করেন। ১৯৯২ সালে জগন্নাথ বিশ্ববিদ্যালয় থেকে এম. কম. (একাউন্টিং) কমপ্লিট করেন। ১৯৯৫ সালে The Institute of Chartered Accountants of Bangladesh (ICAB) থেকে সিএ কোর্স কমপ্লিট করেন । সর্বশেষ ১৯৯৬ সালে Bangladesh Institute of Management(BIM) থেকে Financial Management এর উপর উচ্চতর ডিগ্রি (Post Graduate Diploma in Financial Management) PGDFM ডিগ্রী অর্জন করেন তিনি। ব্যবসায়িক জীবনে পদার্পণ করে, নিজের মেধা ও পরিশ্রমের মাধ্যমে দেশের শীর্ষ স্থানীয় ব্যবসা প্রতিষ্ঠান “ইমটেক্স প্যাকেজিং” প্রতিষ্ঠা করেন। এখন তিনি Imtex Group এর অধীনে কয়েকটি প্রতিষ্ঠান পরিচালনা করছেন। মেশিনারি ব্যবসার ক্ষেত্রে তিনি ঈর্ষণীয় সফলতা অর্জন করেন। সুনামের সাথে তিনি দেশের শীর্ষ স্থানীয় ফুড প্রসেসিং কোম্পানিগুলোর সাথে ব্যবসা পরিচালনা করে চলেছেন।

আলহাজ্ব আব্দুস সাত্তার ছাত্র জীবন থেকেই শহীদ জিয়ার আদর্শে অনুপ্রাণিত হয়ে বিএনপির রাজনীতির সাথে যুক্ত হয়েছিলেন।
তিনি জানান, শহীদ জিয়ার খাল খনন কর্মসূচি, রাস্তা-ঘাট ও অবকাঠামো নির্মাণ কর্মসূচি, কৃষি উন্নয়ন কর্মসূচি, জনশক্তি রপ্তানি ইত্যাদি কর্মসূচি আমাকে তাঁর ভক্তে পরিণত করেছে।
বিশেষ করে শহীদ জিয়ার ১৯ দফা কর্মসূচি আমাকে মুগ্ধ করেছে।